

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd

স্মারক নং- ১২.০২.০০০০.০১৯.১৬.০০৩.১২- ২৭২

তারিখ : ২৩-০৯-২০১৪ খ্রিঃ


বিষয় : পবিত্র ঈদ-উল-আযহার সময় মসলা জাতীয় পণ্যসহ নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-আযহার সময় মশলা জাতীয় পণ্যসহ অন্যান্য ভোগ্য পণ্যের মূল্য বৃদ্ধি পেয়ে থাকে। পবিত্র ঈদ-উল-আযহা আসন্ন এবং ইতোমধ্যেই উল্লিখিত পণ্যের চাহিদা বৃদ্ধিসহ কিছু কিছু ক্ষেত্রে মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা গিয়েছে। কৃষি বিপণন অধিদপ্তরে কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা এবং ভোক্তা কর্তৃক সহনীয় মূল্যে পণ্য ক্রয়ে সহযোগিতা প্রদান করে থাকে। ফলে এ সময়ে মশলা জাতীয়সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক ও সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে পণ্যের পরিবহন, মজুদ, বাজারদর, পরিবহন ব্যয় ও বিপণন ব্যয় সম্পর্কে হালনাগাদ তথ্য ওয়াকিবহাল থাকা একান্ত প্রয়োজন। এছাড়াও অসাধু কোন ব্যবসায়ী কর্তৃক মাত্রাতিরিক্ত মুনাফা অর্জনের প্রবণতা রোধ, পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি রোধ, ভেজাল রোধ প্রভৃতি কারণে বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করা একান্ত প্রয়োজন। এর সঙ্গে সঙ্গে দ্রব্যমূল্য সহনীয় রাখা ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে জেলা পর্যায়ে গঠিত জেলা টাস্কফোর্স কমিটি ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ পূর্বক মনিটরিং কার্যক্রমে সহায়তা প্রদানও অব্যাহত রাখতে হবে।

২। এমতাবস্থায়, বাজারে মশলা জাতীয়পণ্যসহ নিত্য প্রয়োজনীয় অন্যান্য পণ্যের মূল্য ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ পণ্য সহজলভ্য ও মূল্য সহনীয় রাখতে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী

.....।


(মোঃ মাহবুব আহমেদ)
যুগ্ম-সচিব
ও
পরিচালক
ফোন : ৯১১৪৩১০
E-mail: director@dam.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।